# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫১০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা জুমু‘আর সালাতের যে সময় উল্লেখ করলাম, সেটি হলো সূর্য পশ্চিমাকাশে ঢলে যাওয়ার পর; আগে নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْوَقْتَ الَّذِي ذَكَرْنَاهُ لِلْجُمُعَةِ كَانَ ذَلِكَ بَعْدَ زَوَالِ الشَّمْسِ لَا قَبْلُ

আরবী

1510 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا وَكِيعٌ قَالَ حَدَّثَنَا يَعْلَى بْنُ الْحَارِثِ الْمُحَارِبِيُّ قَالَ: سَمِعْتُ إِيَاسَ بْنَ سَلَمَةَ بْنِ الْأَكْوَعِ يُحَدِّثُ عن أبيه: كُنَّا نُجَمِّعُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا زَالَتِ الشَّمْسُ ثُمَّ نَرْجِعُ نَتَتَبَّعُ الفيء .
الراوي : سَلَمَة بْن الْأَكْوَعِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1510 | خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح أبي داود)) (996).

বাংলা

১৫১০. সালামা বিন আকওয়া রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে জুমু‘আর সালাত আদায় করতাম, যখন সূর্য পশ্চিমাকাশে ঢলে যেতো। তারপর আমরা ছায়া অনুসন্ধান করে করে বাসায় ফিরে যেতাম।“[1]

ফুটনোট

[1] তাবারানী: ৬২৫৭; সুনান বাইহাকী: ৩/১৯১; সহীহ মুসলিম: ৮৬০; সহীহ আল বুখারী: ৪১৬৮; আবূ দাঊদ: ১০৮৫; নাসাঈ: ৩/১০০; ইবনু মাজাহ: ১১০০; দারেমী: ১/৩৬৩; সহীহ ইবনু খুযাইমাহ: ১৮৩৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্‌ওয়া‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90825

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন